



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৩৬/২০১৬/১৫৭২৬

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

কাদেরিয়া তৈয়েবিয়া কামিল মাদরাসা, ডাকঘর: মোহাম্মদপুর, উপজেলা: মোহাম্মদপুর, জেলা: ঢাকা-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি ফিকহ বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ১৭-০৬-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি ফিকহ বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার হোস্টেলে পড়ালেখার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে;
২. আরবি-বাংলা-ইংরেজি তিন ভাষায় মাদরাসার কক্ষসমূহের জন্য নেমপ্লেট তৈরি করতে হবে;
৩. শ্রেণিকক্ষে মূল আরবি কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে;
৪. সকল ক্রয়ে ক্রয় কমিটি, অডিট কমিটি ও গভর্নিং বডির অনুমোদন থাকতে হবে;
৫. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে উল্লিখিত রেফারেন্স বইসমূহের মূলকপি/পিডিএফ থেকে প্রিন্টেড কপি মাদরাসার লাইব্রেরিতে সংরক্ষণ করতে হবে;
৬. লাইব্রেরি বুক কোডিং নিয়ম অনুসরণ করে লাইব্রেরির বইগুলো সুশৃঙ্খলভাবে সংরক্ষণ, অনুসন্ধান ও পরিসংখ্যানের ব্যবস্থা করতে হবে;
৭. শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য নিম্নোক্ত ক্লাবসমূহ গঠন করতে হবে-
(ক.) ল্যাংগুয়েজ অ্যান্ড লিটারেসি ক্লাব (আরবি, ইংরেজি, বাংলা), (খ) আর্ট অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব, (গ) ডিবেইট অ্যান্ড পাবলিক স্পিকিং ক্লাব;
৮. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেয়াত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
০৯. শিক্ষার মনোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১০. অনতিবিলম্বে মাদরাসার অখন্ড জমির সনদ পরিদর্শন দপ্তরে জমা দিতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(আরিফ আহমদ) 27.04.2026

সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, কাদেরিয়া তৈয়েবিয়া কামিল মাদরাসা

ডাকঘর: মোহাম্মদপুর, উপজেলা: মোহাম্মদপুর, জেলা: ঢাকা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৩৬/২০১৬/১৫৭২৬

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, কাদেরিয়া তৈয়েবিয়া কামিল মাদরাসা, ডাকঘর: মোহাম্মদপুর, উপজেলা: মোহাম্মদপুর, জেলা: ঢাকা।
৭. অফিস নথি।

(ছায়েদ আহাম্মদ মজুমদার)

সেকশন অফিসার

মোবাইল : ০১৮২০২৯২৫৩২